

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং
LMIS প্রকল্প
পরিসংখ্যান ভবন (৫ম তলা, ব্লক-২)
আগারগাঁও, ঢাকা-১২০৭।

স্বাক্ষরিত/স্বাক্ষরিত
২১/১১/১৬
স্বাক্ষরিত/স্বাক্ষরিত

নং-৫২.০১.০০০০.৬০১.১৪.১৪৫.১৫- ৮৭২

তারিখঃ ২৬ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ
২০ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

কোটেসন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর 'Improving of Labour Statistics and Labour Market Information System through Panel Survey (LMIS Project)' শীর্ষক প্রকল্পের জরিপ কাজে ব্যবহারের জন্য সিডিউলে বর্ণিত Carrying Bag ক্রয়/সংগ্রহের নিমিত্ত 'পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬' এবং 'পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮' অনুযায়ী Request for Quotation (RFQ) পদ্ধতিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

০১। বিস্তারিত বিবরণ সম্বলিত Carrying Bag কোটেসন সিডিউল প্রকল্প পরিচালক, LMIS Project, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন (৫ম তলা, ব্লক-২), ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭ এর দপ্তর হতে আগামি ২১-১১-২০১৬ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

০২। দরপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রক্ষিত কোটেসন বাজে সর্বশেষ ২১-১১-২০১৬ খ্রিঃ তারিখ বিকাল ২:৩০ ঘটিকা পর্যন্ত জমা দেয়া যাবে এবং একই দিন বিকাল ৩:০০ ঘটিকায় দরপত্র ও প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্তৃক দরপত্র উন্মুক্ত ও মূল্যায়ন করা হবে।

০৩। কোটেসনের সাথে হালসন পর্যন্ত (২০১৫-২০১৬) নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন (১২ ডিজিট বিশিষ্ট) সনদপত্র, হালনাগাদ (২০১৪-২০১৫) আয়কর পরিশোধ সংক্রান্ত সনদপত্র এবং ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট দাখিল করতে হবে।


০৪। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কার্যাদেশ-এ বর্ণিত মালামাল প্রকল্প কার্যালয়ে সরবরাহ করতে হবে।

০৫। প্রচলিত হারে আয়কর, ভ্যাট, ইত্যাদি কর্তনপূর্বক প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা থেকে ইস্যুকৃত চেকের মাধ্যমে দাবীকৃত বিল পরিশোধ করা হবে। এ জন্য প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে ০৩ (তিন) কপি করে বিল ও চালান সরবরাহ করতে হবে।

০৬। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত পণ্যে কোন প্রকার ত্রুটি/সমস্যা/কার্যাদেশে বর্ণিত পণ্যের সাথে গড়মিল দেখা দিলে নিজ খরচে ত্রুটিমুক্ত অথবা প্রয়োজনে সম্পূর্ণ নতুন সরবরাহ করতে হবে, তজ্জন্য নতুন কোন বিল দাবী করা যাবে না।

০৭। ইচ্ছুক কোটেসন দাতা প্রতিষ্ঠান একটি কোটেসন পত্রে বিকল্প দর প্রদান করতে পারবেন না।

০৮। কোন কারণ প্রদর্শন ছাড়াই যে কোন কোটেসন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


(কবির উদ্দিন আহাম্মদ)
প্রকল্প পরিচালক

বিতরণঃ

- ১) পরিচালক, কম্পিউটার উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
(কোটেসন বিজ্ঞপ্তিটি বিবিএস এর Website-এ প্রকাশের অনুরোধসহ)।
- ২) অফিস নোটিশ বোর্ড, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৩) মেসার্স
- ৪) অফিস কপি।